

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়,  
সোনারগাঁ, নারায়ণগঞ্জ  
[doict.sonargaon.narayanganj.gov.bd](http://doict.sonargaon.narayanganj.gov.bd)

**সোনারগাঁ উপজেলা আইসিটি কমিটির অক্টোবর/২০২৫ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি	:	জনাব ফারজানা রহমান, উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা আইসিটি কমিটি, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
সভার স্থান	:	উপজেলা সভাকক্ষ
সভার তারিখ	:	১৩ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ
সময়	:	বেলা-১০.০০ ঘটিকা
উপস্থিতিঃ	:	পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য


সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে উপজেলা আইসিটি কমিটির সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করণ করা হয়। অতঃপর সভার সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	<b>জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত:</b> জাতীয় তথ্য বাতায়নকে অধিকতর কার্যকর করার লক্ষ্যে তথ্য হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। উপজেলার সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদের তথ্য বাতায়নের অসম্পূর্ণতা দূরীকরণের জন্য নিয়মিত জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখার বিষয় গুরুত্বারোপ করা হয়। উপজেলার সকল সরকারি দপ্তর এবং ইউনিয়ন পরিষদ সমূহের তথ্য বাতায়ন বাংলা ও ইংরেজি উভয় ভাষানে হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	১.১। উপজেলার সকল দপ্তর প্রধান ও ইউনিয়ন পরিষদের সচিবগণ নিজস্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ১.২। সকল সরকারি দপ্তর এবং ইউনিয়ন পরিষদ সমূহের তথ্য বাতায়ন বাংলা ও ইংরেজি উভয় ভাষানে হালনাগাদ করতে হবে। ১.৩। উপজেলা আইসিটি অফিসার সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান ও ইউনিয়ন পরিষদের সচিব।
০২	<b>আইসিটিডি ডিজিটাল ল্যাব ও আইসিটিডি স্কুল আব ফিউচার সংক্রান্ত:</b> তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক স্থাপিত ২১ টি 'আইসিটিডি ডিজিটাল ল্যাব' ও ১টি 'আইসিটিডি স্কুল আব ফিউচার' এর কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ জানানো হয়। ল্যাবসমূহের যথাযথ ব্যবহার তদারকি করার জন্য উপজেলা আইসিটি অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা একাডেমিক সুপারভাইজরকে অনুরোধ জানানো হয়।	২.১। ল্যাব পরিদর্শন রেজিস্টার, স্টক রেজিস্টার এবং ছাত্রছাত্রী ও শিক্ষক ব্যবহার রেজিস্টার রাখতে হবে। ২.২। ল্যাবের নষ্ট কম্পিউটার সামগ্রী মেরামত ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। ২.৩। নিয়মিত ল্যাব চালু রেখে ব্যবহার নিশ্চিত করতে হবে।	১। উপজেলা আইসিটি অফিসার ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ৩। উপজেলা একাডেমিক সুপারভাইজর ৪। সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান।
০৩	<b>ই-নথির কার্যক্রম পরিচালনা:</b> ই-গভর্নেন্স প্রতিষ্ঠার লক্ষ্যে উপজেলার সকল দপ্তরের দপ্তর প্রধানকে ই নথি/ ডি-নথিতে কার্যক্রম পরিচালনা বেগবান করার অনুরোধ করা	৩.১. সকল দপ্তরের দপ্তর প্রধানকে নিজ উদ্যোগে ই-নথি/ডি নথি কার্যক্রম পরিচালনা করা।	সকল দপ্তরের দপ্তর প্রধান এবং সার্বিক সহযোগীতায়

৬

	হয়।	৩.২। উপজেলা আইসিটি অফিসারের সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা।	উপজেলা আইসিটি অফিসার
০৪	গুজব প্রতিরোধ ও অনলাইনে নিরাপদ থাকা বিষয়ক: গুজব বর্তমানে এক মারাত্মক সমস্যা। প্রায়ই সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, টুইটার হ্যাক করে বিভিন্ন কুচক্রী মহল গুজব ছড়ান্ডে এবং র‍্যাক মেইলিং করেছে। তাই সামাজিক যোগাযোগ মাধ্যমসহ সকল অনলাইন প্ল্যাটফর্মে শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার ও আইডি পাসওয়ার্ড অন্যের সাথে শেয়ার না করার পরামর্শ দেওয়া হয়।	৪.১। কোনো গুজব দুর্ভিগোচর হলে সাথে সাথে প্রশাসনকে অবহিত করতে হবে ৪.২। সরকারি সকল কর্মকর্তা এবং কমিটির সদস্যগণ নিজেরা ও তাদের অধীন সকলকে বিষয়ে সচেতন করা।	সংশ্লিষ্ট সকল

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকের প্রতি আন্তরিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


  
 জনাব ফারজানা রহমান  
 উপজেলা নির্বাহী অফিসার  
 ও  
 সভাপতি উপজেলা আইসিটি কমিটি  
 সোনারগাঁ, নারায়ণগঞ্জ

স্মারক নং -৫৬.০৪.৬৭০৪.০০১.০৬.০০২.১৯.৩০

তারিখঃ ১৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ  
৩০ অক্টোবর ২০২৫ খ্রি:াব্দ

**সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৩। জেলা আইসিটি অফিসার, জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয় নারায়ণগঞ্জ।
- ৪। উপজেলা..... কর্মকর্তা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক .....সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৬। জনাব .....সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৭। অফিস কপি।

  
 (মোছাঃ ফারজানা খান তমা)  
 উপজেলা আইসিটি অফিসার  
 ও  
 সদস্য-সচিব  
 উপজেলা আইসিটি কমিটি  
 সোনারগাঁ, নারায়ণগঞ্জ